

# এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

যুগান্তর রিপোর্ট

'এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' শীর্ষক এক কর্মশালায় অংশগ্রহণকারীরা কারাগারকে মাদকমুক্ত ও সংশোধনাগার হিসেবে গড়ে তোলার সুপারিশ করেছেন। তারা বলেন, মাদক ব্যবসা ও সেবন যেখান থেকে পরিচালনা করা হয়, সে জায়গায় প্রতিরোধ গড়ে তুলতে হবে।

সোমবার বিয়াম মিলনায়তনে ঢাকা আহছানিয়া মিশন চার দিনব্যাপী এ কর্মশালার আয়োজন করেছে। কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ব্যবহার হ্রাস ও সংশ্লিষ্টদের সচেতন করার লক্ষ্যে এ কর্মশালার আয়োজন করা হয়। মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে কর্মশালায় বক্তব্য রাখেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আবদুর রশিদ, ইউএনওভিসি'র কনসালটেন্ট ও কারা বিশেষজ্ঞ ড. জয়দেব সারঙ্গী, সংস্থার বাংলাদেশ প্রতিনিধি ডা. মোজাম্মেল হক, মিশন কর্মকর্তা সফিকুল ইসলাম প্রমুখ। কর্মশালায় বক্তারা বলেন, কারাবন্দিরা শাস্তি শেষে যাতে দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠতে পারে সেদিকে খেয়াল রাখতে হবে। কর্মশালায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারা অধিদফতর, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের কর্মকর্তাসহ পুলিশের ২২ জন কর্মকর্তা অংশ নেন।